

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
পাকুন্দিয়া,কিশোরগঞ্জ।

স্মারক নং ৩৩.০১.৪৮৭৯.০০০.০৬.০০৫.২২-৩২৪

তারিখ: ১৯/০৯/২০২৪ খ্রি.

সভার নোটিশ


বিষয়: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল,পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল,পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গঠিত পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা অত্র দপ্তরের উপজেলা প্রাণিসম্পদ অফিসার এর সভাপতিত্বে আগামী ২৪/০৯/২০২৪ খ্রি. তারিখ ~~বৃহস্পতিবার~~ বিকাল ০২:০০ ঘটিকায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:

- ১। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা;
- ২। বিবিধ।


১৯-০৯-২৪

ডা. গোলাম মোহাম্মদ মেহেদী
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পাকুন্দিয়া,কিশোরগঞ্জ
ও


আহ্বায়ক ,পরিবীক্ষণ কমিটি।

তারিখ: ১৯/০৯/২০২৪ খ্রি.

স্মারক নং ৩৩.০১.৪৮৭৯.০০০.০৬.০০৫.২২-

জ্ঞাতার্থে ও কার্যার্থে কপি বিতরণ:

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,পাকুন্দিয়া, কিশোরগঞ্জ;
- ২। জনাবা ডা. তামান্না দিলশাদ রিমি,ভেটেরিনারি সার্জন,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল,পাকুন্দিয়া,কিশোরগঞ্জ ও সদস্য, পরিবীক্ষণ কমিটি;
- ৩। জনাব মোঃ দিদারুল আলম,উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) , উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া,কিশোরগঞ্জ ও সদস্য, পরিবীক্ষণ কমিটি;
- ৪। অফিস কপি।


১৯-০৯-২৪

ডা. গোলাম মোহাম্মদ মেহেদী
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পাকুন্দিয়া,কিশোরগঞ্জ
ও

আহ্বায়ক ,পরিবীক্ষণ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব ডা. গোলাম মোহাম্মদ মেহেদী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ ও আহ্বায়ক, পরিবীক্ষণ কমিটি।
তারিখ: ২৪/০৯/২০২৪ খ্রি.
সময়: বিকাল ০২:০০ ঘটিকা
স্থান: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজন করা হলো।

২। আলোচনা:

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক ভিত্তিতে গঠিত পরিবীক্ষণ কমিটির বর্তমান কার্যক্রম সম্পর্কে সদস্যদের মতামত আহ্বান করেন। আলোচনায় জনাবা তামান্না দিলশাদ রিমি, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ ও সদস্য, পরিবীক্ষণ কমিটি ব্যক্ত করেন যে, ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে কি/না এবং না হয়ে থাকলে অবিলম্বে মাঠ পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ ও সভার আয়োজন এবং প্রতিবেদন সমূহ (APA চুক্তি মোতাবেক) হালনাগাদ করছে কি/না তা তদারকি করণের উপর গুরুত্ব আরোপ করেন।


৩। সিদ্ধান্তসমূহ:

উপস্থিত সদস্য বৃন্দের স্বতঃস্ফূর্ত আলোচনা শেষে সভায় নিম্নের সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

ক) অবিলম্বে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ের অফিসসমূহে পরিবীক্ষণ কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে;

খ) অধীনস্থ ইউনিয়ন/পৌরসভা সমূহে সময়মতো বিভিন্ন প্রশিক্ষণ ও সভা আয়োজন এবং প্রতিবেদন সমূহ হালনাগাদ করা হয়েছে কি/না তা তদারকি করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


28-09-24


ডা. গোলাম মোহাম্মদ মেহেদী
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ

ও

আহ্বায়ক, পরিবীক্ষণ কমিটি।

পরিশিষ্ট ক

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	মোবাইল নম্বর	স্বাক্ষর
১	ডা. গোলাম মোহাম্মদ মেহেদী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	০১৩২৪২৯০২৬২	
২	ডা. তামান্না দিলশাদ রিমি ভেটেরিনারি সার্জন	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	০১৮৯০০৩৪৪৮৫	স্বাক্ষরিত
৩	মোঃ দিদারুল আলম উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	০১৭২২২৩২৯৮০	